

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
অনুষ্ঠান শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
([www.moca.gov.bd](http://www.moca.gov.bd))

**বিষয়: বাংলাদেশ প্রিমিয়ার লীগ (বিপিএল) এর সহযোগীতায় তারুণ্যের উৎসব-২০২৫ উদ্বোধনের বিষয়ে কর্মসূচি নির্ধারণ সংক্রান্ত সভার কার্যবিবরণী।**

সভাপতি : মো: আতাউর রহমান  
অতিরিক্ত সচিব (সচিবের রুটিন দায়িত্বে)  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
সভার তারিখ : ১৩ নভেম্বর ২০২৪  
সময় : সকাল ১১.০০ টা  
সভার স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ  
সভায় উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট 'ক'-তে দেখানো হলো।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভা আহ্বানের প্রেক্ষাপট তুলে ধরে সভাপতি বলেন, বাংলাদেশ প্রিমিয়ার লীগ (বিপিএল) এর সহযোগীতায় তারুণ্যের উৎসব-২০২৫ উদ্বোধনের লক্ষ্যে গত ৩১ অক্টোবর ২০২৪ তারিখে প্রধান উপদেষ্টার কার্যালয়ে আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় Youth Festival উপলক্ষ্যে আবহমান বাংলার নানা লোকজ সংস্কৃতিমূলক আয়োজন করা হলে তাতে আয়োজনটি আরো বেশি উপভোগ্য হবে মর্মে আলোচনা হয়। তিনি আরো বলেন, সংশ্লিষ্ট মন্ত্রণালয়সমূহকে আওতাধীন সংস্থা/দপ্তরকে নিয়ে সভা করে নিজ নিজ সম্ভাব্য কর্মসূচি নির্ধারণপূর্বক সম্ভাব্য কর্মসূচির একটি তালিকা প্রধান উপদেষ্টার কার্যালয়ে প্রেরণের জন্য বলা হয়েছে। এ বিষয়ে প্রধান উপদেষ্টার কার্যালয়ে আগামী ১৭ নভেম্বর ২০২৪ তারিখে ২য় সভা অনুষ্ঠিত হবে। অতঃপর প্রধান উপদেষ্টার কার্যালয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের আলোকে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের কর্মসূচি নির্ধারণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।


২.০ বিস্তারিত আলোচনান্তে তারুণ্যের উৎসব-২০২৫ উদ্বোধনের লক্ষ্যে সভায় নিম্নরূপ কর্মসূচি নির্ধারণে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়:

ক)

ক্রমিক	কর্মসূচি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
২.১	তারুণ্যের উৎসব-২০২৫ উদ্বোধনের লক্ষ্যে গণগ্রন্থাগার অধিদপ্তর ও জাতীয় গ্রন্থকেন্দ্র বইমেলায় অংশগ্রহণ করবে। মেলায় বিক্রিত বই পরিবেশবান্ধব পাটের/কাপড়ের ব্যাগে ক্রেতাকে দিতে হবে।	গণগ্রন্থাগার অধিদপ্তর ও জাতীয় গ্রন্থকেন্দ্র।
২.২	তারুণ্যের উৎসব-২০২৫ উদ্বোধনের লক্ষ্যে বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন মেলায় অংশগ্রহণ করবে। বিক্রিত কারুপণ্য পরিবেশবান্ধব পাটের/কাপড়ের ব্যাগে ক্রেতাকে দিতে হবে।	বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন, সোনারগাঁও।
২.৩	মেলায় স্টল সজ্জিতকরণের জন্য কোনক্রমেই 'সিঙ্গেল ইউজ প্লাস্টিক' ব্যবহার করা যাবে না।	গণগ্রন্থাগার অধিদপ্তর, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন, সোনারগাঁও এবং জাতীয় গ্রন্থকেন্দ্র।

খ) কেন্দ্রীয়ভাবে নির্দেশনা পেলে পরবর্তীতে নতুন কর্মসূচি অর্ন্তভুক্ত করা হবে।

৩.০ সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি তারুণ্যের উৎসব-২০২৫ উদ্বোধনে সংশ্লিষ্ট সকলের ঐকান্তিক সহযোগিতা প্রত্যাশা করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
মো: আতাউর রহমান  
অতিরিক্ত সচিব (সচিবের রুটিন দায়িত্বে)

স্মারক নং: ৪৩.০০.০০০০.১২৪.২৩.২১১.২৪, ৫৮৭

তারিখ: ০২ অগ্রহায়ণ ১৪৩১  
১৭ নভেম্বর ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, রমনা, ঢাকা;
২. পরিচালক, জাতীয় গ্রন্থকেন্দ্র, বঙ্গবন্ধু এভিনিউ, ঢাকা;
৩. পরিচালক, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন, সোনারগাঁও, নারায়ণগঞ্জ।

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. যুগ্মসচিব (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. সচিবের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ✓ ৪. সিস্টেম এনালিস্ট, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৫. অফিস কপি।

(মো: আবদুল মালেক)

সিনিয়র সহকারী সচিব

ফোন: ০২-৯৫১৫৫১৬

ইমেইল: event.section@moca.gov.bd